Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
www.fireservice.gov.bd

"মুজিব বর্ষের প্রতিশ্রুতি
সেবা, ত্যাগ ও অগ্রগতি"

## অ্যাম্বুলেন্স ব্যবহারের নীতিমালা সংশোধনী আদেশ-৩/২০২৩

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মরত এবং অবসর প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের পিতা-মাতা, স্বামী/স্ত্রী ও সন্তানদের অসুস্থতা জনিতকারণে জরুরী চিকিৎসা সেবা নিশ্চিতকল্পে গমনাগমনে অ্যাম্বুলেন্স ব্যবহারের ক্ষেত্রে রোগী বাড়ি থেকে হাসপাতাল/ক্লিনিকে এবং হাসপাতাল/ক্লিনিক থেকে বাড়িতে বিনামূল্যে পরিবহন করা যাবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট উপ পরিচালকগণ কেবলমাত্র তাদের অধীনস্থ বৃহত্তর জেলার কর্মকর্তা/কর্মচারীদের পিতা-মাতা, স্বামী/স্ত্রী ও সন্তানদের অসুস্থতা জনিতকারণে জরুরী চিকিৎসা সেবা নিশ্চিতকল্পে গমনাগমনে অ্যাম্বুলেন্স ব্যবহারে অনুমতি প্রদান করবেন ও আন্তঃবিভাগীয় এবং বাইরের জেলা হতে ঢাকায় বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীদের বহনের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপ পরিচালকগণকে অবশ্যই পরিচালক (অপাঃও মেইনঃ) এর পূর্ব অনুমতি গ্রহন করতে হবে।অ্যাম্বুলেন্স ব্যবহারের নীতিমালা সংশোধনী আদেশ-১/২০১০স্মারকনং-ফাসাওসিডি/অ্যাম্বুঃ১/বিবিধ/১৭০৬ (২০০)তারিখ: ০১-০৩-২০১০ খ্রিঃ আদেশটি বাতিল বলে গণ্য হবে। অ্যাম্বুলেন্স ব্যবহারের অন্যান্য নীতিমালা এবং শর্তাবলী অপরিবর্তিত থাকবে। সংশোধিত নীতিমালাটি সংযুক্ত আকারে প্রেরণ করা হইল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তঃ ০১ (এক) পাতা।

২২/০৫/২৩

লেঃ কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী
এসজিপি, পিএসসি
পরিচালক (অপাঃ ও মেইনঃ)

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০৯.০৫.০০২.২৩. ৭০৯৬(২২) তারিখঃ ২৯/০২/১৪৩০ বঙ্গাব্দ / ২২/৫/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে:

১। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

৩। অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স মিরপুর, ট্রেনিংকমপ্লেক্স, ঢাকা।

৪। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স. বিভাগ ঢাকা/ চট্টগ্রাম / রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ তাঁর আওতাধীন সকল দপ্তর/স্টেশনকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৫। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

৭। হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

৮। সুপার/সেকশন ইনচার্জ................................ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

২২/০৫/২০২৩

মোঃ আনিসুর রহমান
উপপরিচালক (অ্যাম্বুলেন্স)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

"এ্যাম্বুলেন্স ব্যবহারের নীতিমালা সংশোধনী আদেশ-১/২০১০"

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্মারক নং-মপদ/৪৯৬২(২১০) তারিখ-২০/০৯/১৯৮৭ খ্রিঃ দ্বারা জারীকৃত এ্যাম্বুলেন্স ব্যবহারের নীতিমালার আংশিক সংশোধনপূর্বক মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী কর্তব্যরত অবস্থায় শারীরিক অসুস্থতা বোধ করলে যদি এ্যাম্বুলেন্স ব্যবহারের প্রয়োজনীয়তা দেখা দেয় সেক্ষেত্রে হসপাতাল/ক্লিনিকে নেওয়ার প্রয়োজন হলে বিনামূল্যে প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যাবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট উপ-পরিচালকগন কেবলমাত্র তাদের অধীনস্থ বৃহত্তর জেলার কর্মকর্তা/কর্মচারীদের এ্যাম্বুলেন্স ব্যবহারের অনুমতি প্রদান করবেন ও আন্তঃবিভাগীয় এবং বাইরের জেলা হতে ঢাকায় বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীদের বহনের ক্ষেত্রে অবশ্যই পরিচালক (অপাঃ ও মেইনঃ) এর পূর্ব অনুমতি গ্রহন করতে হবে। এ্যাম্বুলেন্স ব্যবহারের অন্যান্য নীতিমালা এবং শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(স্বাক্ষরিত) ..../../২০১০
শেখ মোঃ শাহজালাল
মেজর
পরিচালক (অপাঃ ও মেইনঃ)

স্মারক নং-ফাসা ওসিডি/এ্যাম্বুঃ-১/বিবিধ/ ১৭,০৬ (২০০) তারিখঃ ০১/০১/১০ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

১। পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(পঃ উঃ প্রঃ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২। উপ-পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ---------------- (সকল)।
৩। অধ্যক্ষ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৪। সহকারী পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ---------------- (সকল)।
৫। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬। সহকারী যোগাযোগ প্রকৌশলী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৭। উপ-সহকারী পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ---------------- (সকল)
৮। সিনিয়র স্টাফ অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা কেন্দ্রীয় নিয়ন্ত্রন কক্ষ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১। সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ---------------- (সকল)।
১২। সুপার/সেকশন ইনচার্জ ---------------- শাখা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৩। গার্ড/মাষ্টার গার্ড ফাইল ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

(স্বাক্ষরিত) ২৫/২/২০১০
ভরত চন্দ্র বিশ্বাস
উপ-পরিচালক (এ্যাম্বুলেন্স)